

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 24.11.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) দেশের নবীন প্রজন্মকে রাজনীতিতে যুক্ত করার প্রয়াসের অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাদের বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়ালগে অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন।
- ২) আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশবাসীকে বিশেষত প্রবীণদের ডিজিটাল অ্যারেস্টের বিপদ সম্পর্কে ফের সতর্ক করে দিয়েছেন।
- ৩) সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। রাজ্য বিধানসভার অধিবেশনেরও আগামীকাল সূচনা হচ্ছে।
- ৪) রাজ্য সরকার বাংলা বাড়ি প্রকল্পে সুবিধাপ্রাপকের অ্যাকাউন্ট ফের যাচাইয়ের সিদ্ধান্ত নিয়েছে।
- ৫) ট্যাব কেলেক্সারিতে উত্তরবঙ্গ থেকে গ্রেফতার আরও তিন।
- ৬) আগামী কয়েকদিন রাজ্যে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

oooooooooooooooooooooooooooo

দেশের নবীন প্রজন্মকে রাজনীতিতে যুক্ত করার প্রয়াসের অঙ্গ হিসেবে "বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়ালগে" অংশগ্রহণ করতে যুব সমাজের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আহ্বান জানিয়েছেন। আকাশবাণী থেকে সম্প্রচারিত মান কি বাত অনুষ্ঠানের ১১৬ তম পর্বে প্রধানমন্ত্রী আজ বলেন, যাদের পরিবারের কোনো ব্যক্তি রাজনীতির সঙ্গে যুক্ত

নয় এমন ১ লক্ষ তরুণ তরুণীকে তিনি লাল কেল্লার প্রাকার থেকে স্বাধীনতা দিবসের ভাষণে রাজনীতিতে আসার আহ্বান জানিয়েছিলেন। সেই প্রয়াসের অঙ্গ হিসেবে স্বামী বিবেকানন্দের জন্মদিন যুব দিবসকে সামনে রেখে দিল্লির ভারত মন্ডপমে "বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ" -এর আয়োজন করা হচ্ছে। গ্রাম, ব্লক, জেলা, রাজ্য থেকে বাছাই করা ২হাজার তরুণ তরুণী এতে অংশ নেবেন। উপস্থিত থাকবেন জাতীয় ও আন্তর্জাতিক স্তরের বিশিষ্ট ব্যক্তিত্বরা।

( বাইট - ইয়াং লিডার্স ডায়ালগ)

তাদের সামনে এই তরুণ তরুণীরা ভবিষ্যৎ ভারত সম্পর্কে নিজেদের চিন্তাভাবনা ব্যক্ত করার সুযোগ পাবেন। এর ভিত্তিতে একটি রোড ম্যাপ তৈরী করা হবে।

প্রধানমন্ত্রী এদিন দেশবাসীকে বিশেষত প্রবীণদের ডিজিটাল অ্যারেস্টের বিপদ সম্পর্কে ফের সতর্ক করে দিয়েছেন। ভারতীয় শাসন ব্যবস্থায় এই ধরনের গ্রেফতারির কোন সংস্থান নেই বলে তিনি স্পষ্ট জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, প্রতারণার নতুন মাধ্যম হিসেবে অপরাধিরা ডিজিটাল অ্যারেস্টকে হাতিয়ার করছে। তিনি যুবাদের আরও বেশি করে প্রবীণ নাগরিকদের সাহায্যে এগিয়ে আসার আহ্বান জানান।

(বাইট – ডিজিটাল অ্যারেস্ট)

এন সি সি দেশের তরুণদের মধ্যে শৃঙ্খলা, নেতৃত্ব ও সেবার মনোভাবকে জাগিয়ে তোলে বলে শ্রী মোদী উল্লেখ করেছেন। আজ এন সি সি দিবস উপলক্ষে শ্রী মোদী ক্যাডেট জীবনের অভিজ্ঞতার কথাও তুলে ধরেন।

প্রধানমন্ত্রী বলেন, এক-পেড়-মা-কে-নাম অভিযান শুরু হওয়ার পর দেশ ১-শো কোটি গাছ লাগানোর এক গুরুত্বপূর্ণ মাইলফলক অতিক্রম করেছে। দেশবাসীর অদম্য উদ্যোগ এবং আন্তরিকতার জন্যই মাত্র পাঁচ মাসে বিভিন্ন জায়গায় এই অসাধ্য সাধন সম্ভব হয়েছে।

(বাইট – এক-পেড়-মা-কে-নাম)

এদিনের মন-কি-বাতে শ্রী মোদী বলেন, তাঁর সরকারের বিশেষ প্রয়াসের কারণে ডিজিটাল লাইফ সার্টিফিকেট পেনশনভোগী প্রবীণ নাগরিকদের সহায়ক হয়েছে। তাদের এখন আরও ব্যাঙ্কে যেতে হয় না। ডিজিটাল লাইফ সার্টিফিকেট পাওয়া মানুষের সংখ্যা ৮০ লক্ষ পেরিয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিন রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপি কর্মী সমর্থকদের পাশাপাশি বিরোধী দলনেতা শুভেন্দু আধিকারি, রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ নেতা নেত্রীরা মন-কি-বাত শোনে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রামে নন্দনায়কবাড় ৭৯ নম্বর বুথে বিজেপির কার্যকর্তা ও গ্রামবাসীদের সঙ্গে প্রধানমন্ত্রীর মন-কি-বাত অনুষ্ঠান শোনে।

আর বালুরঘাটে ৭ নম্বর ওয়ার্ডে কার্যকর্তাদের সঙ্গে কর্মী সমর্থকদের সঙ্গে মন-কি-বাত শোনে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা বিজেপির রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার।

দমদমে মন-কি-বাত শোনার পাশাপাশি বিশেষ সদস্যতা অভিযানে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্যসভার সাংসদ তথা রাজ্য বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য-সহ বিজেপি নেতৃত্ব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। চলবে বিশেষ ডিসেম্বর পর্যন্ত। ২৬-শে নভেম্বর সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বর্ষ উদযাপন করতে পুরনো সংসদভবনের সেন্ট্রাল হলে সংবিধান দিবস পালিত হবে। আজ সরকারের তরফে সর্ব দলীয় বৈঠক ডাকা হয়। দুই সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিরোধী দলগুলির সহায়তা চাওয়া হয়েছে বলে সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। প্রথম দিন সাম্প্রতিক সময়ে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণ করা হবে। পরদিন ভারতীয় সংবিধানের ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি প্রস্তাব নিয়ে আলোচনা হবে। এটি উত্থাপন করবেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। ঐদিন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উপস্থিতি থাকার সম্ভাবনা রয়েছে। এবারের অধিবেশনে কেন্দ্রীয় সরকারের ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত বিলের বিরোধিতায় রাজ্য বিধানসভায় একটি বিল আনা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে দুর্নীতির মধ্যে রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে অর্থ দেওয়ার আগে সুবিধা প্রাপকের অ্যাকাউন্ট পুনরায় যাচাই-এর সিদ্ধান্ত নিয়েছে। অন্যের অ্যাকাউন্টে যেন কোনোভাবেই টাকা চলে না যায় তা নিশ্চিত করতে এবং উপভোক্তার আসল ব্যাংক অ্যাকাউন্ট ও তালিকায় তার নামের সঙ্গে থাকা ব্যাংক একাউন্টের নম্বরে কোন অমিল আছে কিনা তা খতিয়ে দেখতে পঞ্চায়েত দপ্তরের তরফে প্রতিটি জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। চূড়ান্ত তালিকা তৈরির সময় তথ্য নথিভুক্তির ক্ষেত্রেও সবরকম সতর্কতা অবলম্বন করতে হবে। উল্লেখ্য, আগামী ১৫ই ডিসেম্বর থেকে এই প্রকল্পে সুবিধা প্রাপকের অ্যাকাউন্টে প্রথম কিস্তির ষাট হাজার টাকা পাঠানো হবে বলে নবান্ন সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০০

ট্যাব কেলেক্কারিতে জড়িতে থাকার অভিযোগে নিউ জলপাইগুড়ি থানার সহযোগিতায় বিধাননগর ক্রাইম ব্রাঞ্চ, শিলিগুড়ির নৌকাঘাট এলাকা থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। ধৃত মেহবুব হোসেনকে আজ জলপাইগুড়ি আদালতে ট্রানজিড রিমান্ডের জন্য তোলা হলে দু-দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত।

পাশাপাশি মাটিগাড়ার লেলিনপুর অঞ্চল থেকে নজরুল ইসলাম এবং রুকসানা খাতুন নামে দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ।

এদিকে, ট্যাব সহ নানা সরকারী প্রকল্পে আরও স্বচ্ছতা আনার দাবি জানিয়েছে স্কুল অ্যান্ড মাদ্রাসা ক্লার্ক অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল।

০০০০০০০০০০০০০০০০

কয়লা পাচার কান্ডে অন্যতম অভিযুক্ত বিনয় মিশ্রের ভাই বিকাশ মিশ্রকে আজ কালিঘাট থানার পুলিশ, পকসো মামলা সহ একাধিক অভিযোগে গ্রেপ্তার করেছে। কয়লা পাচার মামলায় বর্তমানে জামিনে ছিল সে। আজ তাকে আলিপুর আদালতে তোলা হলে, একদিনের জেল হেফাজত হয়েছে।

উল্লেখ্য, আগামীকাল কয়লাপাচার মামলায় আসানসোল আদালতে চার্জশিট পেশ করবে সিবিআই।

০০০০০০০০০০০০০০০০

সাংগঠনিক কাঠামো সহ বেশ কিছু বিষয় নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেসের কর্মসমিতির বৈঠকে বসতে চলেছে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আগামীকাল বিকেল চারটায় কালীঘাটে তার বাসভবনে প্রস্তাবিত এই বৈঠকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, রাজ্য সাধারণ সম্পাদক সুব্রত বকশি ছাড়াও শীর্ষ নেতা, বিধায়ক সাংসদরা উপস্থিত থাকবেন। বিধানসভা নির্বাচনের আগে দলের সাংগঠনিক শক্তি বৃদ্ধি, গোষ্ঠীদ্বন্দ্ব ও দুর্নীতি রুখে স্বচ্ছতার লক্ষ্যে বিভিন্ন স্তরে রদবদল এর ব্যপারেও বৈঠকে আলোচনা হতে পারে বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে শ্রী অরবিন্দ স্টেডিয়ামে তৃণমূল কংগ্রেস সাংসদ দেবের সামনেই দলের দুই গোষ্ঠীর সংঘর্ষে বেশ কয়েকজন আহত হয়েছেন। জানা গেছে, শিশু মেলার আয়োজন নিয়ে বৈঠক করতে এদিন ওই স্টেডিয়ামে যান সাংসদ দেব এবং স্থানীয় নেতা শঙ্কর দলুই। কিন্তু গন্ডগোল হওয়ায় সাংসদ বৈঠক না করেই স্টেডিয়াম ছেড়ে বেরিয়ে যান। এরপর দেবের অনুগামীদের সঙ্গে শঙ্কর দলুই-এর সমর্থকদের সংঘর্ষ বাধে। লাঠি নিয়ে তারা একে অপরের ওপর চড়াও হয়। বিশাল পুলিশ বাহিনী স্টেডিয়ামে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

উল্লেখ্য, প্রাক্তন তৃণমূল বিধায়ক শঙ্কর দলুই দেবের অনুগামীদের বাদ রেখেই একটি কমিটি তৈরি করেন। আজকের বৈঠক ওই কমিটি নতুন করে গঠন করা নিয়েই ছিল বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদা দক্ষিণ শাখার নামখানা লাইনে নিশ্চিতপুর ও করঞ্জলী স্টেশনের মাঝে রেল লাইন থেকে দুই স্কুল ছাত্রীর দেহ উদ্ধারের ঘটনায় আজ চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে, হারুরপয়েন্ট কোস্টাল থানা এলাকার বাসিন্দা ওই দুই ছাত্রী স্থানীয় একটি স্কুলের দ্বাদশ শ্রেণীতে পড়াশোনা করতো। গতকাল বিকেলে টিউশান যাওয়ার জন্য বেরিয়ে নিখোঁজ হয়। এই ঘটনায় পুলিশ দুই ছাত্রীর তিন বন্ধুকে আটক করেছে। সম্পর্কের টানাপোড়েনের জেরে দুই ছাত্রী আত্মহত্যা করেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান।

০০০০০০০০০০০০০০০০০০০০

বন্ধুর মেয়ের জন্মদিনের অনুষ্ঠানে যোগ দিতে গিয়ে প্রহৃত এক যুবকের মৃত্যুকে কেন্দ্র করে উত্তর ২৪ পরগনার ইছাপুর এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। ইছাপুর আনন্দমঠের বাসিন্দা বছর ৩২-এর কৃষাণু চ্যাটার্জী গতরাতে কয়েকজন বন্ধুর সঙ্গে স্থানীয় একটি পার্কে গেলে সেখানে রাইফেল ফ্যাক্টরির নিরাপত্তারক্ষীদের সঙ্গে তাদের বচসা হয় বলে অভিযোগ। পরিবারের অভিযোগ নিরাপত্তারক্ষীরা তাদের বেধড়ক মারধোর করে, এরফলেই কৃষাণুর মৃত্যু হয়। যুবকটির দুই বন্ধুকে ব্যারাকপুর বি এন বসু মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরপরই পরিবার নোয়াপাড়া থানায় অভিযোগ দায়ের করলে পুলিশ তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী কয়েকদিন তাপমাত্রার বিশেষ কোন হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানানেন

( বাইট – সোমনাথ )

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ১ ডিগ্রী কম।

সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক তিন ডিগ্রী কম।

oooooooooooooooooooo

স্বাধীনতা সংগ্রামী দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের প্রয়াণ দিবস উপলক্ষে আজ কেওড়াতলা মহাশ্মশানে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে তাঁকে স্মরণ করা হয়।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo